

# আগস্ট/২০২১ মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতিঃ মোঃ সোলায়মান বিশ্বাস  
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া

সভার তারিখ ও সময়ঃ ২৬/০৮/২০২১, সকাল-১১.০০ ঘটিকা

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ প্রিশিষ্ট "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর সভাপতিত্বে আগস্ট/২০২১ মাসের মাসিক সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ব বর্তী মাসের কার্য বিবরণী সকলকে পাঠ করে শুনানো হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্ম কর্তীগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

## উপজেলা প্রকৌশলীর কার্য ালয় টুঙ্গিপাড়া

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		১। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া।

## চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

সভায় চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, পাটগাতী ইউনিয়নের অনুকূলে ৩০টি স্ট্রীট সোলার লাইট পেয়েছিলাম কিন্তু এখনো পর্যন্ত লক্কা শুরু করা হয়নি। সভায় তিনি আরও জানান যে, উপজেলায় গভীর নলকূপের বরাদ্দ এসেছে কিন্তু এ বিষয়ে কোন চিঠিপত্র পাননি মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---	চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ
--	-----	------------------------------------

## চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

সভায় চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, গোপালপুর ইউনিয়ন পরিষদের রাস্তাটির অবস্থা খুবই খরাপ। রাস্তাটি দ্রুত সংস্কার করা প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, গোপালপুর ইউনিয়নে মোট ১৩টি গভীর নলকূপ পেয়েছিলাম। গভীর নলকূপ বিতরণের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য কর্ম কর্তার উপস্থিতিতে স্থানীয় জনগণের মধ্যে উন্মুক্ত আলোচনার মাধ্যমে ১৩টি গভীর নলকূপ চূড়ান্ত করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---	চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ
---	-----	-------------------------------------

## চেয়ারম্যান, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

সভায় চেয়ারম্যান, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, উন্নয়ন কর্ম কান্ড বিষয় চিঠি পেয়েছি। যার পরিপ্রেক্ষিতে কাজ চলমান রয়েছে। সভায় তিনি আরও জানান যে, গোপালপুর ইউনিয়নে মোট ১৩টি গভীর নলকূপ পেয়েছিলাম। গভীর নলকূপ বিতরণের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য কর্ম কর্তার উপস্থিতিতে স্থানীয় জনগণের মধ্যে উন্মুক্ত আলোচনার মাধ্যমে গভীর নলকূপ চূড়ান্ত করা হয়েছে। কার্য বিবরণীসহ তালিকা দ্রুত জমা দেওয়া হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---	চেয়ারম্যান, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ
--	-----	--------------------------------------

## উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, টুঙ্গিপাড়া

সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য টুঙ্গিপাড়া জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে সাধারণ কোটায় প্রতি ইউনিয়নে ১৩টি করে ৬৫টি গভীর নলকূপ এসেছে। এছাড়া মাননীয় সংসদ সদস্যের অনুকূলে পাটগাতী ইউনিয়নে গভীর নলকূপের স্থানে ১৩টি রেন ওয়াটার হার্ডে স্টার এসেছে। অন্যান্য ইউনিয়নে ১৩টি করে মোট ৫২টি গভীর নলকূপ এসেছে। উক্ত গভীর নলকূপ ও রেন ওয়াটার হার্ডে স্টারের তালিকা প্রস্তুত ও অনুমোদনের পর কাজ শুরু	---	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, টুঙ্গিপাড়া
--	-----	--

হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।		
---	--	--

### দারিদ্র বিমোচন কর্ম কর্তা টুঙ্গিপাড়া

সভায় উপজেলা দারিদ্র বিমোচন কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া উপজেলায় তার দপ্তরের অধীনে প্রতি ইউনিয়নে ৩০টি করে ১৫০টি স্ট্রীট সোলার লাইটের বরাদ্দ এসেছে। এজন্য সকল ইউনিয়ন পরিষদ হতে এ সংক্রান্ত কার্য বিবরণীসহ তালিকা আগামী ২৯/০৮/২০২১ তারিখের মধ্যে জমা দিতে হবে। কয়েকটি ইউনিয়নের তালিকা পেলেও তাদের কার্য বিবরণী এখনো জমা দেন নাই। দ্রুত তালিকা ও কার্য বিবরণী জমা দেওয়ার জন্য অনুরোধ জানান।	সিদ্ধান্তঃ অগ্রাধিকার ভিত্তিতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের স্ট্রিট সোলার লাইটের তালিকা ও কার্য বিবরণী জমা দেয়ার অনুরোধ জানান।	(১) উপজেলা দারিদ্র বিমোচন কর্ম কর্তা টুঙ্গিপাড়া (২) চেয়ারম্যান (সকল) কুশলী/বর্নি/গোপালপুর/ পাটগাতী ও ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ
---	---	---

### তথ্যআপা, টুঙ্গিপাড়া

সভায় উপজেলা তথ্যআপা, টুঙ্গিপাড়া জানান যে, তার দপ্তরের অধীনে ১৫ আগস্ট উপলক্ষ্যে অন-লাইনে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান।	সকলকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।	উপজেলা তথ্যআপা, টুঙ্গিপাড়া
--	--	-----------------------------

### উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তার কার্য লয়টুঙ্গিপাড়া

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে, বর্নি ইউনিয়নে ভিজিডি চাউল বিতরণে সমস্যা তৈরী হয়েছে। ভিজিডি চাউল বিতরণ না করে ৬ (ছয়) মাস পর ভিজিডি চাউল প্রাপ্ত সুফলভোগীদের নাম পরিবর্তনের জন্য কার্য বিবরণীসহ আবেদন করেছেন। এ বিষয়ে উর্দ্ধতন কর্ম কর্তার সাথে যোগাযোগ করা হয়েছে। বর্তমানে ভিজিডি কার্য ক্রমঅনলাইনে হওয়ায় নাম পরিবর্তন করা সমস্যা হচ্ছে। এছাড়া দপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---০---	উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা টুঙ্গিপাড়া
--	---------	--

### ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া

সভায় ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া জানান যে, বর্তমানে টুঙ্গিপাড়া উপজেলায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিদ্যুৎ লাইনের উপর থাকা গাছ পালার ডাল ছাটাই কাজ চলছে। উক্ত কাজ পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়নে করা হবে। যে জায়গায় বিদ্যুৎ লাইন পরিষ্কার করার কাজ চলবে ঐ দিন এ এলাকায় বিদ্যুৎ সংযোগ বন্ধ থাকবে। উক্ত কাজে সকলের সহযোগিতা কমান করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	---০---	ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া।
--	---------	---

### ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া


সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, লেবুতলা ব্রীজের এ্যাপ্রোচের স্থানে বিদ্যুৎ লাইন অনেক নিচে নেমে গেছে। উক্ত স্থান দিয়ে চলাচলের যে কোন সময় দুর্ঘটনা ঝুঁতে পারে। দ্রুত বিদ্যুৎ লাইন উঁচু করে দেওয়ার জন্য কে অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সিদ্ধান্তঃ লেবুতলা ব্রীজের এ্যাপ্রোচের স্থানে বিদ্যুৎ লাইন দ্রুত উঁচু করার জন্য ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া অনুরোধ জানান।	১। ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া
---	--	---

### বিবিধ

সভায় উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া উপজেলা হেলিপ্যাডের চারিপাশে সুন্দর দৃষ্টি নন্দন সোভার্বর্ধন গাছের বাগান করা হয়েছে। উক্ত বাগান উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর নিকট হস্তান্তর করা হবে। উক্ত বাগানের পরিচর্যা ও অন্যান্যবাগান দেখা শোনা করা উপজেলা পরিষদে নিয়োজিত ০১ (এক) জন মালী দ্বারা সম্ভব না। এ জন্য এ উপজেলায় আরও ০২ (দুই)জন মালীর প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনের জন্য সরকারি কোন বরাদ্দ নেই। উক্ত দিবস পালনে ব্যানার, বিলবোর্ড, পোস্টার বোর্ড, ফুলসহ বিবিধ খরচ হয়েছে। উক্ত খরচের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা	<u>সিদ্ধান্তঃ</u> (১) উপজেলা পরিষদের জন্য অতিরিক্ত ০২ (দুই) জন মালী নিয়োগের বিষয়ে স্থানীয় সরকার বিভাগে সভার কার্য বিবরণীসহ পত্র প্রেরণের অনুরোধ জানান। (২) সভায় উত্থাপিত প্রস্তাবগুলো সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়। (৩) উপজেলা পরিষদে লাইব্রেরী করার জন্য জাতীয় গণখাগার অধিদপ্তর হতে অনুমোদন ও নিবন্ধন করার জন্য অনুরোধ জানান।	১। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া
--	---	--

<p>পরিষদের পুরাতন সিসি টিভি ক্যামেরা নষ্ট হয়ে যাওয়ায় নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। এ জন্য উপজেলা পরিষদ শহীদ মিনার থেকে সম্পূর্ণ উপজেলা পরিষদ এলাকা নিরাপত্তার জন্য সিসি টিভি ক্যামেরার আওতায় আনার প্রস্তাব উপস্থান করেন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্য লগ্নে অনেক বই পড়ে রয়েছে। উক্ত বইগুলো নিয়ে উপজেলা পরিষদে একটি লাইব্রেরী করার প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>		
---	--	--

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ সোলায়মান বিশ্বাস)  
 চেয়ারম্যান  
 উপজেলা পরিষদ  
 টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 উপজেলা নির্বাহী অফিসারের কার্য লগ্ন  
 টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২-৯০৭

তারিখঃ ২৬/০৮/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
- ০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ১০। উপজেলা ..... কর্ম কর্তা টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।
- ১১। চেয়ারম্যান ..... ইউপি (সকল), টুঙ্গিপাড়া।
- ১২। জনাব .....

  
 (এ. কে. এম. হেদায়েতুল ইসলাম)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।  
 ফোন নং-(০২) ৬৬৫৬২০২